



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৪৬০

তারিখ: ০৪/০৩/২০২৪ খ্রি.

বিষয়: মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কারিকুলাম যথাযথভাবে বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক স্তরের কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ ক্লাসের নামে শিক্ষার্থীদের কোচিং করানো হচ্ছে/কোচিং এ বাধ্য করানো হচ্ছে। এছাড়া কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কারিকুলাম বিস্তরণ ও মূল্যায়নের সুনির্দিষ্ট নির্দেশিকা থাকা সত্ত্বেও তা লঙ্ঘন করে সাপ্তাহিক/মাসিক মূল্যায়নের নামে গতানুগতিক প্রশ্নপত্র প্রণয়ন করে পরীক্ষা নেওয়া হচ্ছে মর্মে জানা যাচ্ছে। এতে নতুন কারিকুলাম বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে।

এমতাবস্থায়, উল্লিখিত কার্যকলাপ থেকে সংশ্লিষ্ট সকলকে বিরত রাখা এবং নতুন কারিকুলাম যথাযথ বাস্তবায়নের ক্ষেত্রে ইতিপূর্বে জারিকৃত নির্দেশনাসমূহে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণপূর্বক প্রতিষ্ঠানের নির্ধারিত একাডেমিক কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বর্ণিত নির্দেশনার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

04/03/2024

(এস এম জিয়াউল হায়দার হেনরী)

সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

☎ ৪১০৫০১১৮

addshesecondary2@gmail.com

বিতরণ:

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা;
- ০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল);
- ০৪। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০৫। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন: /অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৬। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৭। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);
- ০৮। জেলা প্রশাসক (সকল);
- ০৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
[পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন সংশ্লিষ্টদের বাস্তবায়নের অনুরোধসহ]
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ১১। জেলা শিক্ষা অফিসার (সকল);
[পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন সংশ্লিষ্টদের বাস্তবায়নের অনুরোধসহ]
- ১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ১৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
[পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের বাস্তবায়নের অনুরোধসহ]
- ১৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১৫। সংরক্ষণ নথি।